38

দৈনিক ইত্তেফাক

তারিখ ... 14 APR 1994 ...
পৃষ্ঠা 1 কলাম 6

# ১৭ই এপ্রিলের মধ্যে দাবী পূরণ : অন্যথায় শিক্ষকদের পরীক্ষা বর্জন

কেন্দ্রীয় শিক্ষক সংগ্রাম লিয়াজোঁ কমিটি আগামী ১৭ই এপ্রিলের মধ্যে বেসরকারী স্কুল-কলেজের শিক্ষক-কর্মচারীদের দাবী মানিয়া নেওয়ার আহ্বান

(১০ম পৃ: ৬-এর ক: দ্র:)

## ১৭ই এপ্রিলের মধ্যে

(১ম পৃ: পর)

জানাইয়াছে। অন্যথায় মহাসমাবেশের ম্যাণ্ডেট অনুযায়ী আগামী মে মাসে অনুষ্ঠিতব্য এসএসসি পরীক্ষাসহ সকল কর্মকাণ্ড বর্জন করা হইবে। ধর্মঘটকালে শিক্ষকগণ পরীক্ষা সংক্রান্ত কোন কাজে অংশ গ্রহণ করিবেন না। যুক্ত বিবৃতিতে সাক্ষর করেন কমিটির তিন আহ্বায়ক শেখ আমানুল্লাহ, মোঃ কামরুজ্জামান, ডঃ ম, আখতারুজ্জামান এবং সমন্বয়কারী অধ্যক্ষ কাজী ফারুক আহমেদ। —প্রেস বিজ্ঞপ্তি